**Times Today BD**

নূর আলম | ময়মনসিংহ | 15 May, 2025

“পাঠে পাঠে আত্মজাগরণ–বই যাবে বাড়ি বাড়ি” এই স্লোগানকে সামনে রেখে নেত্রকোণার দুর্গাপুরে বার্ষিক অধ্যয়ন সভা উপলক্ষে তিন গুণী সাহিত্য-সৃজনশিল্পীকে প্রদান করা হয়েছে ‘জলসিঁড়ি সম্মাননা-২০২৫’।

বৃহস্পতিবার (১৫ মে) সন্ধ্যায় উপজেলার বিরিশিরি ইউনিয়নের গাভীনা গ্রামে জলসিঁড়ি পাঠকেন্দ্রের আয়োজনে অনুষ্ঠিত এ আয়োজনে দেশের বিভিন্ন প্রান্ত থেকে কবি, সাহিত্যিক ও সংস্কৃতি অনুরাগীদের প্রাণবন্ত উপস্থিতি ছিল চোখে পড়ার মতো।

সম্মাননা প্রাপ্তরা হলেন–খ্যাতিমান কথাসাহিত্যিক মোজাফফর আহমেদ (ঢাকা), ভালোবাসার কবি হিসেবে পরিচিত তানভির জাহান চৌধুরী (নেত্রকোণা) এবং উদীয়মান কবি লোকান্ত শাওন (দুর্গাপুর)।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাঠকেন্দ্রের সভাপতি অ্যাডভোকেট মানেশ চন্দ্র সাহা।সঞ্চালনার দায়িত্বে ছিলেন সাধারণ সম্পাদক দীপক সরকার ও কবি বিদ্যুৎ সরকার।

অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে “নজরুল পাঠ কেন্দ্র”-এর আনুষ্ঠানিক উদ্বোধন করেন নেত্রকোণা জেলা প্রশাসক বনানী বিশ্বাস। তিনি বলেন, “বর্তমান সমাজে পাঠাভ্যাসের চর্চা ও সাহিত্যচর্চা যুবসমাজকে আলোকিত করে। বই হচ্ছে মানবিকতা ও মূল্যবোধ গঠনের শক্তিশালী মাধ্যম। মাসে অন্তত একটি নৈতিক, ঐতিহাসিক কিংবা প্রেরণাদায়ী বই প্রিয়জনকে উপহার দেওয়া হোক একটি সামাজিক আন্দোলন।”

বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন–অতিরিক্ত জেলা প্রশাসক মুনমুন জাহান লিজা, ইউএনও নাভিদ রেজওয়ানুল কবীর, সহকারী কমিশনার (ভূমি) মো. মোস্তাফিজুর রহমান, জেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ম. কিবরিয়া চৌধুরী হেলিম, সাবেক অধ্যক্ষ শহীদুল্লাহ খান এবং উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন।

অনুষ্ঠানে স্থানীয় ও জাতীয় পর্যায়ের কবি-সাহিত্যিক, রাজনীতিক ও বিশিষ্ট ব্যক্তিরা অংশগ্রহণ করেন এবং কবিতা পাঠ ও সাহিত্য বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন।

আলোচনার শেষ পর্যায়ে তিন গুণীজনের হাতে ‘জলসিঁড়ি সম্মাননা-২০২৫’ তুলে দেওয়া হয়।

মিলনমেলা সাহিত্যিক জলসিঁড়ি সম্মাননা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 29 June, 2025 02:59

URL: https://www.timestodaybd.com/mymensingh/1354142538